# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০০৭৩১১/বরিশাল-১১৫/২৩৯

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩২ / ০৭ সেপ্টেম্বর ২০২৫

**বিষয়: অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বরিশাল জেলার হিজলা উপজেলাধীন নরসিংহপুর কেরামতিয়া দাখিল মাদ্রাসার এডহক কমিটির সভাপতির বিরুদ্ধে প্রতিষ্ঠান পরিচালনায় অনিয়ম সংক্রান্ত বিষয়ে জনাব মোঃ শহিদুল ইসলাম অভিযোগ দাখিল করেছেন (কপি সংযুক্ত)। দাখিলকৃত অভিযোগে তিনি উল্লেখ করেন যে, উক্ত এডহক কমিটির সভাপতি দায়িত্ব গ্রহণের পর থেকে মাদ্রাসার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে ব্যর্থ হয়েছেন, এলাকার সাধারণ অভিভাবক, শিক্ষক ও মাদ্রাসা সংশ্লিষ্ট লোকজনের সাথে কোন আলোচনা না করে একক সিদ্ধান্ত গ্রহণ করেছেন। যাকে মাদ্রাসার সুপার সাহেব সভাপতি মনোনয়ন দিয়েছেন তিনি ফ্যাসিবাদী সরকারের দোসর ছিলেন এবং অনেক অপকর্মের সাথে জড়িত রয়েছেন। এছাড়া সভাপতি কার্যকলাপে মাদ্রাসার পরিবেশ অশান্ত হয়ে পড়েছে, সাধারণ জনগণের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয়েছে। এতে মাদ্রাসা শিক্ষার পরিবেশ ব্যহত হচ্ছে।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

৭.৯.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
হিজলা, বরিশাল।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১০০৭৩১১/বরিশাল-১১৫/

তারিখ: ২৩ ভাদ্র ১৪৩২ / ০৭ সেপ্টেম্বর ২০২৫

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. জেলা প্রশাসক, বরিশাল;
২. জেলা শিক্ষা অফিসার, বরিশাল;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, হিজলা, বরিশাল;
৪. সভাপতি (এডহক কমিটি), নরসিংহপুর কেরামতিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-নরসিংহপুর, থানা-হিজলা, বরিশাল;
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, নরসিংহপুর কেরামতিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর-নরসিংহপুর, থানা-হিজলা, বরিশাল;
৬. মোঃ শহিদুল ইসলাম(অভিযোগকারী), সাং-নরসিংহপুর, থানা-হিজলা, জেলা-বরিশাল;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

০৭.০৯.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

F:\অলিউর\অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন.doc

বরাবর,
রেজিস্ট্রার মহোদয়
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

**বিষয়ঃ এডহক কমিটি বাতিল করণ প্রসঙ্গে।**

জনাব,

সশ্রদ্ধ নিবেদন এই যে, আমি নিম্ন স্বাক্ষরকারী মোঃ শহিদুল ইসলাম, পিতাঃ মৃত দেলোয়ার হোসেন হাওলাদার, গ্রামঃ চর নরসিংহপুর, পোষ্টঃ নরসিংহপুর, উপজেলাঃ হিজলা, জেলাঃ রবিশাল। নরসিংহপুর কেরামতিয়া দাখিল মাদ্রাসায় গঠিত এডহক কমিটির বর্তমান সভাপতি দায়িত্ব গ্রহণের পর থেকে মাদ্রাসার কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করতে ব্যর্থ হচ্ছেন। (উল্লেখ্য থাকে যে বর্তমানে যাকে সভাপতি মনোয়ন করা হয়েছে তাকে প্রজ্ঞাপনের মাধ্যমে পূর্বের নিয়োমিত কমিটির সভাপতি পদ থেকে বাতিল করা হয়েছিল), তিনি এলাকার সাধারণ অভিভাবক, শিক্ষক ও মাদ্রাসা সংশ্লিষ্ট লোকজনের সাথে কোনো ধরনের আলোচনা না করে এককভাবে সিদ্ধান্ত গ্রহণ করছেন। যাকে মাদ্রাসার সুপার সাহেব সভাপতি পদে মনোয়ন দিয়েছেন সে ফেসিবাদী সরকারের দোষর ছিলেন এবং অনেক অপকর্মের সাথে জরিত রয়েছে যা এলাকাবাসী সকলের জানা রয়েছে, এছাড়া সভাপতির কার্যকলাপের কারণে মাদ্রাসার পরিবেশ অশান্ত হয়ে পড়েছে এবং সাধারণ জনগণের মধ্যে ক্ষোভ সৃষ্টি হয়েছে। এতে মাদ্রাসার শিক্ষার পরিবেশ ব্যাহত হচ্ছে এবং প্রতিষ্ঠান পরিচালনায় অনিয়ম লক্ষ্য করা যাচ্ছে।

অতএব, মহোদয়ের নিকট বিনীত প্রার্থনা, নরসিংহপুর কেরামতিয়া দাখিল মাদ্রাসার বর্তমান এডহক কমিটির সভাপতিকে দ্রুত অপসারণ করে নতুনভাবে একজন সৎ, যোগ্য ও সবার গ্রহণযোগ্য ব্যক্তিকে সভাপতি হিসেবে নিয়োগ করার ব্যবস্থা গ্রহণ করলে কৃতজ্ঞ থাকব।

বিনীত নিবেদক

মোঃ শহিদুল ইসলাম

(মোঃ শহিদুল ইসলাম)
পিতাঃ মৃত দেলোয়ার হোসেন
নরসিংহপুর, হিজলা, বরিশাল।
মোবাইলঃ ০১৭৩৪১১৫৫৩৪